# প্রামাণ্যচিত্র বিতর্কের পর ট্রাম্পের কাছে ক্ষমা চাইল বিবিসি




সংগৃহীত ছবি

ব্রিটিশ বার্তা সংস্থা বিবিসি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে ক্ষমা চেয়েছে। বিষয়টি আসে ট্রাম্পের ওপর নির্মিত ছয় পর্বের একটি প্রামাণ্যচিত্রের পরিপ্রেক্ষিতে, যেখানে ট্রাম্পের বক্তব্যকে এমনভাবে সম্পাদনা করা হয়েছিল যে, তা সহিংসতার আহ্বান হিসেবে ধরা পড়তে পারে। তবে বিবিসি জানিয়েছে, তারা ক্ষতিপূরণ দিতে সক্ষম নয়।

প্রসঙ্গত, এই ঘটনায় ট্রাম্পের আইনজীবীরা বিবিসিকে নোটিশ পাঠিয়ে প্রামাণ্যচিত্র প্রত্যাহার, ট্রাম্পের কাছে ক্ষমা চাওয়া এবং ক্ষতির ক্ষতিপূরণ দাবী করেছিলেন। না হলে ১ বিলিয়ন ডলারের মামলা করার হুঁশিয়ারি দেওয়া হয়েছিল। আইনজীবীরা অভিযোগ করেছিলেন, প্রামাণ্যচিত্রে ট্রাম্পকে নিয়ে “মিথ্যা ও বিভ্রান্তিকর” তথ্য প্রদর্শন করা হয়েছে।

বিবিসির চেয়ারম্যান সামির শাহ জানিয়েছেন, তারা হোয়াইট হাউজে চিঠি পাঠিয়ে স্পষ্টভাবে জানিয়েছে যে, প্রামাণ্যচিত্রে ট্রাম্পের বক্তব্য কেটে এবং সাজিয়ে দেখানোর জন্য তারা দুঃখিত। তিনি আরও বলেন, প্রামাণ্যচিত্রটি আর কোনো প্ল্যাটফর্মে সম্প্রচার করা হবে না।

এই বিতর্কের প্রভাবে বিবিসির মহাপরিচালক টিম ডেভি এবং বার্তা বিভাগের প্রধান ডেবোরা টার্নেস পদত্যাগ করেছেন। টার্নেস বলেছেন, “বিবিসি নিউজ ও কারেন্ট অ্যাফেয়ার্সের দায়িত্ব আমার কাঁধে ছিল এবং এ ঘটনায় আমি দায় স্বীকার করছি।”

LENS ASIA